



সংবাদ বিজ্ঞপ্তি

মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিনকে নোবিপ্রবি পরিবারের অভিনন্দন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করায় জনাব মোঃ সাহাবুদ্দিনকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম ও নোবিপ্রবি পরিবারের পক্ষ থেকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করা হয়েছে। মহামান্য রাষ্ট্রপতি একই সঙ্গে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আচার্য।

আজ সোমবার (২৪ এপ্রিল ২০২৩) জনাব মোঃ সাহাবুদ্দিন বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করার পর নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম, নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর নোবিপ্রবির পক্ষ থেকে এ অভিনন্দন জানান। একই সঙ্গে সফলতার সাথে রাষ্ট্রপতির মেয়াদকাল সম্পন্ন করায় বিদায়ী রাষ্ট্রপতি এ্যাডভোকেট মোঃ আবদুল হামিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয় এবং তার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।

অভিনন্দন বার্তায় নোবিপ্রবির মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম বলেন, 'বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করায় আপনাকে নোবিপ্রবি পরিবারের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে আপনার সফল নেতৃত্ব, প্রজ্ঞা এবং দিক-নির্দেশনায় বাংলাদেশ আরও এগিয়ে যাবে এ প্রত্যাশা করি। সুখী, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে একজন যোগ্য ব্যক্তিত্বকেই রাষ্ট্রপতি নির্বাচিত করা হয়েছে বলে আমরা মনে করি। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি আপনার সুদীর্ঘ কর্মময় জীবনের অভিজ্ঞতায় একজন আচার্য হিসেবেও বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা, গবেষণা ও উন্নয়নের ক্ষেত্রে আপনি পথ প্রদর্শকের ভূমিকা পালন করবেন। আপনার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সার্বিক মঙ্গল কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।'

R. Kaiser

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

